# SRI RAMAKRISHNA ASHRAMA INSTITUTE (HIGH SCHOOL)
## Assessment – 1
## Session 2020
## Class- V
## Subject- History
## Answer Sheet

### ১) সঠিক উত্তরটি নির্বাচন করো-

ক) c) ভাস্কো-দা-গামা

খ) b) টু নিউ সায়েন্সেস

গ) d) রয়্যাল সোসাইটি

ঘ) c) স্পিনিং জেনি

ঙ) c) বিমান

চ) d) বলশেভিক বিপ্লব

### ২) শূন্যস্থান পূরণ করো-

ক) কনস্ট্যান্টিনোপল

খ) বারুদ

গ) জন স্মিটন

ঘ) ১৭৬৩

ঙ) ভার্সাই

চ) নেলসন ম্যান্ডেলা

### ৩) একটি বাক্যে উত্তর দাও-

ক) ১৪৯২ খ্রিস্টাব্দে ক্রিস্টোফার কলম্বাস আমেরিকা মহাদেশ আবিষ্কার করেন।

খ) পোল্যান্ডের অধিবাসী কোপারনিকাসকে আধুনিক জ্যোতির্বিজ্ঞানের জনক বলা হয়।

গ) ১৬৮৭ খ্রিস্টাব্দে স্যার আইজ্যাক নিউটন মাধ্যাকর্ষণ শক্তির তত্ত্বটি আবিষ্কার করেন।

ঘ) ১৭৫৬-১৭৬৩ খ্রিস্টাব্দে ইংরেজ ও ফরাসিদের মধ্যে সপ্তবর্ষের যুদ্ধ হয়।

ঙ) পশ্চিমবঙ্গের অন্তর্গত হুগলি জেলার চন্দননগরে ফরাসিদের উপনিবেশ ছিল।

চ) ভারতে সর্বপ্রথম ১৮৫৩ খ্রিস্টাব্দে মুম্বাই থেকে থানে পর্যন্ত রেলপথ স্থাপিত হয়।

### ৪)

| বাম স্তম্ভ | ডান স্তম্ভ |
|---|---|
| মার্টিন লুথার | ল্যাটিন বাইবেল |
| ফ্রান্সিস বেকন | নিউ আটালান্টিস |
| হামফ্রে ডেভি | সেফটি ল্যাম্প |
| চার্লস ব্যাবেজ | কম্পিউটার |
| লেনিন | সোভিয়েত ইউনিয়ন |
| হিটলার | নাৎসি নেতা |

**৫) ঠিক না ভুল নির্ণয় করো-**

ক) ১৯১৪-১৯১৮ খ্রিস্টাব্দ পর্যন্ত দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলেছিল। **-ভুল**

খ) মালয়েশিয়ার বর্তমান নাম মালয়। **-ভুল**

গ) রোনাল্ড রস ম্যালেরিয়ার জীবাণু আবিষ্কার করেন। **-ঠিক**

ঘ) লিওনার্দো দা ভিঞ্চির আঁকা বিখ্যাত চিত্রটি হল মোনালিসা। **-ঠিক**

ঙ) প্রথম মে দিবস পালিত হয় ১৮৮৬ খ্রিস্টাব্দে আমেরিকার ওয়াশিংটন শহরে। **-ভুল**

চ) ইংল্যান্ডে বস্ত্র শিল্পের ক্ষেত্রে প্রথম বিপ্লব ঘটে। **-ঠিক**

**৬) দুই-তিনটি বাক্যে উত্তর দাও-**

ক) তুর্কি মুসলমান দের হাত থেকে খ্রিস্টানদের পবিত্র ভূমি জেরুজালেম উদ্ধারের জন্য ইউরোপের অসংখ্য ক্রুশ বাহী যোদ্ধা খ্রিষ্টান জগতের ধর্মগুরু পোপ এর নেতৃত্বে ১০৯৯ খ্রিস্টাব্দ থেকে ১২৯৬ খ্রিস্টাব্দ পর্যন্ত যে যুদ্ধ সংঘটিত করেছিল তাই ক্রুসেড নামে পরিচিত। ক্রুসেড প্রথমে ধর্মযুদ্ধ শুরু হলেও শেষ পর্যন্ত তা রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক চরিত্র লাভ করে।

খ) পর্তুগালের যুবরাজ ইনফ্যান্টি হেনরি মার্কোপোলোর ভ্রমণ কাহিনী পড়ে সমুদ্রপথে প্রাচ্যের সঙ্গে যোগাযোগ স্থাপনে উদ্যোগী হন। সেই কারণে তিনি পর্তুগালের 'সাগ্রেস' নামক স্থানে একটি নৌ প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তুলে দেশের সেরা ভূগোলবিদ, মানচিত্র বিশারদ এবং দক্ষ ও অভিজ্ঞ নাবিকদের সেখানে আমন্ত্রণ জানান। তাঁর উদ্যোগেই আফ্রিকার উপকূলবর্তী নানা স্থান আবিষ্কৃত হয়। এইভাবে নাবিকদের সামুদ্রিক অভিযানে উৎসাহ দানের জন্য তিনি 'হেনরি দ্য নেভিগেটর' নামে পরিচিত হন।

গ) ১৪৫০ খ্রিস্টাব্দে জার্মানির মেইনজ শহরে জোহানেস গুটেনবার্গ সর্বপ্রথম ধাতুর সচল অক্ষর বিশিষ্ট আধুনিক মুদ্রণ যন্ত্র আবিষ্কার করেন। এই আবিষ্কারের ফলে অনেক কম সময়ে, অল্প খরচে, অনেক কম ভুল ত্রুটি যুক্ত হাজার হাজার বই ছাপা হতে থাকে। ফলে মানুষের জ্ঞানের জগত আলোকিত ও প্রসারিত হয়। গুটেনবার্গের ছাপাখানা আবিষ্কারের ফলে মুদ্রণের ক্ষেত্রে এই আমূল বা যুগান্তকারী পরিবর্তনই 'মুদ্রণ বিপ্লব' নামে পরিচিত।

ঘ) রাজনৈতিক ও অর্থনৈতিক দিক থেকে শক্তিশালী একটি দেশ যখন তার থেকে অপেক্ষাকৃত কম শক্তিশালী এক বা একাধিক রাষ্ট্র বা দেশের উপর আধিপত্য স্থাপন করে এবং সেই দুর্বল রাষ্ট্রের জনগণ ও সম্পদকে নিজের স্বার্থে প্রয়োজনমতো ব্যবহার করে তখন সেই দুর্বল দেশটি উপনিবেশ নামে পরিচিতি লাভ করে। যেমন ভারত বর্ষ ছিল ইংল্যান্ডের উপনিবেশ।

ঙ) ১৭৫৭ খ্রিস্টাব্দে ২৩ শে জুন বাংলার নবাব সিরাজ উদ দৌলার সঙ্গে ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানির পলাশির যুদ্ধ সংঘটিত হয়। এই যুদ্ধে বাংলার নবাব সিরাজউদ্দৌলাকে হারিয়ে ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানি জয়লাভ করে। এই যুদ্ধে ইংরেজদের জয় লাভের মধ্যে দিয়ে ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের সূচনা হয়েছিল।